ব্যবস্থাপনা পরিচালক, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ)

এবং

সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৮ - জুন ৩০, ২০১৯

ব্যবস্থাপনা পরিচালক, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ)
এবং
সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৮ - জুন ৩০, ২০১৯

# সূচিপত্র


উপক্রমনিকা........................................................................................................................................ ২

ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........................................................................................ ৩

সেকশন ১ : ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ)-এর রূপকল্প, উদ্দেশ্যসমূহ এবং প্রধান কার্যাবলি ................................. ৪

সেকশন ২ : ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ..................... ৫

সেকশন ৩ : কৌশলগত উদ্দেশ্যভিত্তিক কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ............................................. ৬

সংযোজনী ১ : শব্দসংক্ষেপ ............................................................................................................................ ১১

সংযোজনী ২ : কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারীকার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি ........................................................ ১২

সংযোজনী ৩ : কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা ................... ১৮

# উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প-২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

ব্যবস্থাপনা পরিচালক, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ), ৫, কাওরান বাজার, ঢাকা

এবং

সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মধ্যে ২০১৮ সালের জুন মাসের ১১ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেনঃ

# ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
(Overview of the Performance of Small Farmers Development Foundation)

## সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

- **সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতাধীন ১৯৯৪ সালের কোম্পানী আইনের অধীনে প্রতিষ্ঠিত একটি সরকারী মালিকানাধীন প্রতিষ্ঠান। দেশের পল্লী অঞ্চলে বসবাসরত ভূমিহীন, প্রান্তিক চাষী ও ক্ষুদ্র কৃষক পরিবারের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন তথা দারিদ্র্য বিমোচনই এর প্রধান লক্ষ্য । ফাউন্ডেশনের ঋণ কার্যক্রম ফেব্রুয়ারি, ২০০৭ হতে শুরু হয়ে বর্তমানে ২৬টি জেলার ১১৪টি উপজেলায় পরিচালিত হচ্ছে। ফাউন্ডেশনের আওতায় গত ০৩ বছরে গ্রাম পর্যায়ে ২৫৮০টি কেন্দ্র গঠনের মাধ্যমে ৭৬ হাজার নারী/পুরুষকে সদস্যভূক্ত করা হয়। এ সকল সদস্যকে তাঁদের কৃষি উৎপাদন বৃদ্ধি, আত্ম-কর্মসংস্থান ও আয় বৃদ্ধিমূলক কার্যক্রমে এ সময়ে মোট ৩৮৭ কোটি ৯ লক্ষ টাকা জামানতবিহীন ক্ষুদ্রঋণ/ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ বিতরণ করা হয়। একই সময়ে সাপ্তাহিক কিস্তির মাধ্যমে মোট ৩৩৬ কোটি ৪৭ লক্ষ টাকা ঋণ আদায় করা হয়। আদায়যোগ্য ঋণ আদায়ের হার শতকরা ৯৫ ভাগ। সদস্যগণ ঋণ বিনিয়োগের আয় থেকে ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয় জমার মাধ্যমে এ সময়ে মোট ৩১ কোটি ৯০ লক্ষ টাকা 'নিজস্ব পুঁজি' গঠন করেছেন । একই সময়ে ১২১৩ জন কর্মকর্তা/কর্মচারীকে দক্ষতা উন্নয়ন এবং ১১০১০ জন সুফলভোগীকে আয় বর্ধনমূলক কার্যক্রম এবং উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ফাউন্ডেশনের সুফলভোগীদের শতকরা ৯৫ ভাগই নারী।

- **সমস্যা ও চ্যালেঞ্জসমূহ:**

সুফলভোগীদের উদ্বুদ্ধকরণ, উপযুক্ত প্রশিক্ষণ ও প্রশিক্ষণ পরবর্তী সঠিক জীবিকায়নে নিয়োজিত করা একটি দুরূহ কাজ। তৃণমূল পর্যায়ে ঋণ কার্যক্রমে সমন্বয়হীনতা ও দ্বৈততা একটি বড় সমস্যা । ফাউন্ডেশনের কর্মকর্তা/কর্মচারীদের বেতন-ভাতার জন্য সরকার অর্থ প্রদান করে না। সরকার কর্তৃক প্রদত্ত আবর্তক ঋণ তহবিলের মাধ্যমে বিতরণকৃত ঋণের ১১% সার্ভিস চার্জের ১০% সার্ভিস চার্জ দিয়ে কর্মকতা/কর্মচারীদের বেতন-ভাতা ও পরিচালন ব্যয় নির্বাহ করা কঠিন হয়ে পড়ে । জাতীয় বেতন স্কেল সরকারি পর্যায়ে যথাসময়ে বাস্তবায়িত হলেও এ ফাউন্ডেশনে জাতীয় বেতনস্কেল অনুকরণে বেতনস্কেল বাস্তবায়নে বিলম্ব হয় এতে কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে হতাশা সৃষ্টি হয় ফলে কার্যক্রম বাস্তবায়নে বড় ধরণের চ্যালেঞ্জে পড়তে হয় ।

- **ভবিষ্যৎ পরিকল্পনা:**

ফাউন্ডেশনের সুফলভোগীদের সচেতনতা বৃদ্ধির নিমিত্ত আগামী ৩ বছরে ১৭৫০০ সুফলভোগী সদস্যকে আয়বর্ধণমূলক কার্যক্রমের উপর এবং উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণ প্রদান করা হবে। ফাউন্ডেশনের কর্মএলাকা সম্প্রসারণসহ ফাউন্ডেশনের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে জানুয়ারি ২০১৬ হতে ডিসেম্বর ২০১৯ মেয়াদে ৭৩৭০.৯৭ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে একটি প্রকল্প গ্রহণ করা হয় । এছাড়া (০১)"রূপকল্প ২০২১ : দারিদ্র্য বিমোচনে ক্ষুদ্র সঞ্চয় যোজন" শীর্ষক ০১টি, (০২) আইসিটি ভিত্তিক প্রশিক্ষণ কমপ্লেক্স-কাম অফিস, প্রদর্শণ ও বিক্রয় কেন্দ্র শীর্ষক ০১টিসহ মোট ০২টি প্রকল্প সরকারের বার্ষিক উন্নয়ন বাজেটের আওতায় গ্রহণ করা হয়েছে। এছাড়া (০১) ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের সক্ষমতা বৃদ্ধি শীর্ষক ০১টি, (০২) বাংলাদেশের ক্ষুদ্র কৃষকদের জন্য উৎপাদন, কর্মসংস্থান ও আয় বৃদ্ধিমূলক কর্মসূচি শীর্ষক ০১টি, এবং (০৩) নৃ-তাত্বিক ও প্রান্তিক জনগোষ্ঠীর জীবিকা উন্নয়ন শীর্ষক ০১টিসহ মোট ০৩টি প্রকল্প এডিপি'তে প্রস্তাবিত বৈদেশিক সাহায্য প্রাপ্তির সুবিধার্থে বরাদ্দবিহীন অননুমোদিত নতুন প্রকল্প হিসেবে অন্তর্ভুক্ত রয়েছে । এসব প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে আগামী ৩ বছরে ৫০ হাজার নারী/পুরুষকে সদস্যভুক্তি করে তাঁদের আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে ৫৫৫ কোটি টাকা জামানতবিহীন ঋণ প্রদানের মাধ্যমে ৫০ হাজার ভূমিহীন, প্রান্তিক চাষী ও ক্ষুদ্র কৃষক পরিবারের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন করা হবে ।

**২০১৮-১৯ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- ❑ ৫০০টি অনানুষ্ঠানিক কেন্দ্র গঠনের মাধ্যমে ২০ হাজার জনকে সদস্যভুক্ত করা হবে।
- ❑ সুফলভোগী সদস্যদের মাঝে আয়বর্ধনমূলক কার্যক্রমে ১৮০ কোটি টাকা জামানতবিহীন ঋণ প্রদান করা হবে।
- ❑ আয়বর্ধনমূলক কর্মকান্ডে ১৪ হাজার নারীকে নিয়োজিত করা হবে।
- ❑ সুফলভোগীদের ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয় জমার মাধ্যমে ১৪ কোটি টাকা পুঁজি গঠনে উদ্বুদ্ধ করা হবে।

## সেকশন ১

## ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ)-এর রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং প্রধান কার্যাবলি

**১.১ রূপকল্প:**

পল্লী অঞ্চলে বসবাসরত ভূমিহীন, প্রান্তিক চাষী ও ক্ষুদ্র কৃষক পরিবারের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন এবং দারিদ্র্য হ্রাসকরণ।

**১.২ অভিলক্ষ্য:**

পল্লী অঞ্চলে বসবাসরত ভূমিহীন, প্রান্তিক চাষী ও ক্ষুদ্র কৃষক পরিবারের সদস্যদেরকে কেন্দ্রভুক্ত করে জামানতবিহীন ক্ষুদ্র ঋণ এবং প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন এবং উন্নয়ন কর্মকান্ড ও ক্ষমতায়নে এসব পরিবারের নারীদেরকে সম্পৃক্তকরণ।

**১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ:**

**১.৩.১ সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. পল্লীর ভূমিহীন, প্রান্তিক চাষী ও ক্ষুদ্র কৃষক পরিবারের জনগোষ্ঠীকে সংগঠিত করে আয়বর্ধক কর্মকাণ্ডে সম্পৃক্ত করা
২. দক্ষ মানব সম্পদ তৈরির মাধ্যমে কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি।

**১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন।
২. কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন।
৩. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন।
৪. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন।
৫. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন।

**১.৪ প্রধান কার্যাবলি:**

১। গ্রাম পর্যায়ে ভূমিহীন, প্রান্তিক চাষী ও ক্ষুদ্র কৃষক পরিবারের নারী/পুরুষকে সংগঠিতকরণ;

২। সংগঠিত নারী/পুরুষকে তাদের উৎপাদন, আত্ম-কর্মসংস্থান ও আয় বৃদ্ধিমূলক কার্যক্রম বাস্তবায়নে জামানতবিহীন ক্ষুদ্র ঋণ প্রদান;

৩। ঋণ বিনিয়োগের আয় থেকে ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয় আমানত জমার মাধ্যমে নিজস্ব পুঁজি গঠনে উদ্বুদ্ধকরণ;

৪। সুফলভোগী সদস্যের জন্য দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ আয়োজন; এবং

৫। সুফলভোগী সদস্যগণকে অর্থনৈতিক কার্যক্রমের পাশাপাশি সামাজিক উন্নয়নমূলক কার্যক্রম যেমনঃ ছেলে-মেয়েদের শিক্ষা, স্বাস্থ্য-পুষ্টি, জনসংখ্যা নিয়ন্ত্রণ, পরিবার কল্যাণ ইত্যাদি কার্যক্রম গ্রহণে উদ্বুদ্ধকরণ ও সহযোগিতা প্রদান ।

## সেকশন-২

### ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcomes/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত | | লক্ষ্যমাত্রা ২০১৮-২০১৯ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৬-২০১৭ | ২০১৭-২০১৮* | | ২০১৯-২০২০ | ২০২০-২০২১ | | |
| পল্লী অঞ্চলে স্বাবলম্বী ও উপকার ভোগীর সংখ্যা বৃদ্ধি | সেবা প্রদানের লক্ষ্যে উপকারভোগী সম্পৃক্তকরণ | জন (লক্ষ) | ০.২৬ | ০.৩৬ | ০.২০ | ০.০৮ | ০.০৪ | পিডিবিএফ, বিআরডিবি, সমবায় অধিদপ্তর ইত্যাদি | এসএফডিএফ এর অনলাইন প্রতিবেদন |
| আয় বর্ধনমূলক কর্মকান্ডে উপকারভোগী নিয়োজন | উপকারভোগীর কর্মসৃজন | জন (লক্ষ) | ০.১৯৩ | ০.২৯ | ০.১৫ | ০.০৬ | ০.০৩ | পিডিবিএফ, বিআরডিবি, সমবায় অধিদপ্তর ইত্যাদি | এসএফডিএফ এর অনলাইন প্রতিবেদন |
| আয়বর্ধনমূলক কর্মকান্ডে নিয়োজনের মাধ্যমে নারীদের ক্ষমতায়ন | নারীর কর্মসৃজন | জন (লক্ষ) | ০.১৯ | ০.২৭৫ | ০.১৪ | ০.০৫২ | ০.০৩ | পিডিবিএফ, বিআরডিবি, সমবায় অধিদপ্তর ইত্যাদি | এসএফডিএফ এর অনলাইন প্রতিবেদন |

* সাময়িক

## সেকশন ৩

# কৌশলগত উদ্দেশ্যভিত্তিক কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ (Target /Criteria Value for FY 2018-19) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০ | প্রক্ষেপণ (Projection) ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬-১৭ | ২০১৭-১৮* | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| ১. পল্লীর ভূমিহীন, প্রান্তিক চাষী ও ক্ষুদ্র কৃষক পরিবারের জনগোষ্ঠীকে সংগঠিত করে আয়বর্ধক কর্মকাণ্ডে সম্পৃক্ত করা | ৬০ | ১.১ অনানুষ্ঠানিক কেন্দ্রের মাধ্যমে জনগণকে সংগঠিত করা | ১.১.১ অনানুষ্ঠানিক কেন্দ্র | সংখ্যা | ৪ | ৮২০ | ১৪০০ | ৫০০ | ৪৫০ | ৪০০ | ৩৫০ | ৩০০ | ১০০ | ৫০ |
| | | | ১.১.২ অনানুষ্ঠানিক কেন্দ্রের মাধ্যমে সদস্যভুক্তি | জন (লক্ষ) | ৪ | ০.২৬ | ০.৩৬ | ০.২০ | ০.১৯ | ০.১৮ | ০.১৭ | ০.১৬ | ০.০৮ | ০.০৪ |
| | | ১.২ সদস্যদের বিনিয়োগ সক্ষমতা বৃদ্ধি | ১.২.১ বিতরণকৃত ঋণের পরিমান | টাকা (কোটি) | ৭ | ১১৮.০৯ | ১৭৬.০০ | ১৮০.০০ | ১৭৮.০০ | ১৭৫.০০ | ১৭২.০০ | ১৭০.০০ | ১৮৫.০০ | ১৮০.০০ |
| | | | ১.২.২ আদায়কৃত ঋণের পরিমান | টাকা (কোটি) | ৬ | ১০০.৯৩ | ১৫৭.০০ | ১৬২.০০ | ১৫৮.০০ | ১৫৬.০০ | ১৫৪.০০ | ১৫২.০০ | ১৬৫.০০ | ১৭০.০০ |
| | | | ১.২.৩ সার্ভিস চার্জ আদায় | টাকা (কোটি) | ৬ | ১০.০০ | ১৫.৫৬ | ১৬.০০ | ১৫.৬৬ | ১৫.৪৬ | ১৫.২৬ | ১৫.০৬ | ১৭.০০ | ১৭.৫০ |
| | | | ১.২.৪ আদায়যোগ্য ঋণ আদায়ের হার | % | ৪ | ৯৪.৫৮ | ৯৫.০০ | ৯৬.০০ | ৯৫.০০ | ৯৪.৭৫ | ৯৪.৫৮ | ৯৪.০০ | ৯৬.৫০ | ৯৭.০০ |
| | | | ১.২.৫ খেলাপি ঋণের পরিমাণ (স্থিতি) | টাকা (কোটি) | ৪ | ২৬.৫০ | ২৭.০০ | ২৫.০০ | ২৫.৫০ | ২৬.০০ | ২৬.৫০ | ২৭.০০ | ২৩.০০ | ২৩.০০ |
| | | ১.৩ অনানুষ্ঠানিক কেন্দ্রের সদস্যদের অতিরিক্ত কর্মসংস্থান সৃজন | ১.৩.১ আত্ম-কর্মসংস্থান সৃজিত উপকার ভোগীর সংখ্যা | জন (লক্ষ) | ৫ | ০.১৯৩ | ০.২৯ | ০.১৫ | ০.১৪ | ০.১৩ | ০.১২ | ০.১১ | ০.০৬ | ০.০৩ |
| | | | ১.৩.২ ঋণ গ্রহীতা | জন (লক্ষ) | ৫ | ০.২০ | ০.৩২ | ০.১৬ | ০.১৫ | ০.১৪ | ০.১৩ | ০.১২ | ০.০৬৫ | ০.০৩৫ |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ (Target /Criteria Value for FY 2018-19) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০ | প্রক্ষেপণ (Projection) ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬-১৭ | ২০১৭-১৮* | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| | | ১.৪ পল্লীর দরিদ্র জনগণের আয়বর্ধনমূলক কর্মসুচি | ১.৪.১ আয়বর্ধনমূলক কর্মকান্ডে নিয়োজিত নারী | জন (লক্ষ) | ৪ | ০.১৯ | ০.২৭৫ | ০.১৪ | ০.১৩ | ০.১২ | ০.১১ | ০.১০ | ০.০৫২ | ০.০৩ |
| | | | ১.৪.২ আয়বর্ধনমূলক কর্মকান্ডে নিয়োজিত পুরুষ | জন (লক্ষ) | ৩ | ০.০০৩ | ০.০১৫ | ০.০১ | ০.০০৯ | ০.০০৮ | ০.০০৭ | ০.০০৬ | ০.০০৮ | ০.০০ |
| | | ১.৫ অনানুষ্ঠানিক কেন্দ্রের মাধ্যমে জনগণকে সংগঠিত করা | ১.৫.১ ক্ষুদ্র সঞ্চয়ের মাধ্যমে কেন্দ্রভূক্ত সদস্যদের গঠিত মূলধনের পরিমান | টাকা (কোটি) | ৮ | ১০.০০ | ১৩.৫০ | ১৪.০০ | ১৩.৫০ | ১৩.০০ | ১২.৫০ | ১২.০০ | ১৫.০০ | ১৬.০০ |
| ২. দক্ষ মানব সম্পদ তৈরির মাধ্যমে কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি। | ১৫ | ২.১ অনানুষ্ঠানিক কেন্দ্রের সদস্যদের মধ্যে উদ্বুদ্ধকরণ/ আয়বর্ধনমূলক প্রশিক্ষণ প্রদান | ২.১.১ আয় বর্ধনমূলক কার্যক্রমে প্রশিক্ষণ গ্রহণকারী | জন | ৫ | ৩৭২০ | ৪০০০ | ৫০০০ | ৪০০০ | ৪০০০ | ৪০০০ | ৪০০০ | ৫০০০ | ৫০০০ |
| | | | ২.১.২ উদ্বুদ্ধকরণমূলক প্রশিক্ষণ গ্রহণকারী | জন | ৫ | ৭৩০ | ২০০০ | ২৫০০ | ২৪০০ | ২৩০০ | ২২০০ | ২১০০ | ৩০০০ | ৩০০০ |
| | | ২.২ পল্লী উন্নয়নে নিয়োজিত কর্মকর্তা, কর্মীদের প্রশিক্ষণ প্রদান | ২.২.১ প্রশিক্ষণার্থী কর্মকর্তা/ কর্মচারী | জন | ৫ | ৩৩৪ | ৫০০ | ৭০০ | ৬৭৫ | ৬৫০ | ৬২৫ | ৬০০ | ৮০০ | ৮০০ |

* সাময়িক

# দপ্তর/সংস্থার আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ, ২০১৮-১৯

## (মোট নম্বর- ২৫)

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রার মান -২০১৮-১৯ | | | | |
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicator) | অসাধারণ (Excellent) ১০০% | অতি উত্তম (Very Good) ৯০% | উত্তম (Good) ৮০% | চলতি মান (Fair) ৭০% | চলতিমানের নিম্নে (Poor) ৬০% |
| বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | মাঠ পর্যায়ের কার্যালয়ের সঙ্গে ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর ও ওয়েবসাইটে আপলোড | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ০.৫ | ২০ জুন, ২০১৮ | ২১ জুন, ২০১৮ | ২৪ জুন, ২০১৮ | - | - |
| | | ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে দাখিল | মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ০.৫ | ১৭ জানুয়ারি, ২০১৯ | ২০ জানুয়ারি, ২০১৯ | ২১ জানুয়ারি, ২০১৯ | ২২ জানুয়ারি, ২০১৯ | ২৩ জানুয়ারি, ২০১৯ |
| | | মাঠ পর্যায়ের কার্যালয়ের ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনান্তে ফলাবর্তক (feedback) মন্ত্রণালয়/বিভাগে | ফলাবর্তক (feedback) প্রদত্ত | তারিখ | ১ | ২৪ জানুয়ারি, ২০১৯ | ৩১ জানুয়ারি, ২০১৯ | ০৪ ফেব্রুয়ারি, ২০১৯ | ০৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ১১ ফেব্রুয়ারি, ২০১৯ |
| | | সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতিসহ অন্যান্য বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | আয়োজিত প্রশিক্ষণের সময় | জনঘণ্টা * | ১ | ৬০ | - | - | - | - |
| কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন | ১০ | ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | ফ্রন্ট ডেস্কের মাধ্যমে গৃহীত ডাক ই-ফাইলিং সিস্টেমে আপলোডকৃত | % | ১ | ৮০ | ৭০ | ৬০ | ৫৫ | ৫০ |
| | | | ই-ফাইলে নথি নিষ্পত্তিকৃত ** | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | | ই-ফাইলে পত্র জারীকৃত *** | % | ১ | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ |
| | | দপ্তর/সংস্থা কর্তৃক অনলাইন সেবা চালু করা | ন্যূনতম একটি নতুন ই-সার্ভিস চালুকৃত | তারিখ | ১ | ১০ জানুয়ারি, ২০১৯ | ২৪ জানুয়ারি, ২০১৯ | ২৮ জানুয়ারি, ২০১৯ | ৩১ মার্চ, ২০১৯ | ৩০ এপ্রিল, ২০১৯ |
| | | দপ্তর/সংস্থা ও অধীনস্ত কার্যালয়সমূহের উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) বাস্তবায়ন | উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) সমূহের হালনাগাদকৃত ডাটাবেইজ ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১ | ০৩ ফেব্রুয়ারি, ২০১৯ | ১১ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৫ ফেব্রুয়ারি, ২০১৯ | ০৪ মার্চ, ২০১৯ |
| | | | ডাটাবেজ অনুযায়ী ন্যূনতম দুটি নতুন উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প চালুকৃত | তারিখ | ১ | ০৮ এপ্রিল, ২০১৯ | ২২ এপ্রিল, ২০১৯ | ০২ মে, ২০১৯ | ১৬ মে, ২০১৯ | ৩০ মে, ২০১৯ |
| | | সিটিজেন্স চার্টার বাস্তবায়ন | হালনাগাদকৃত সিটিজেন্স চার্টার অনুযায়ী প্রদত্ত সেবা | % | ১ | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | ৫০ |

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicator) | লক্ষ্যমাত্রার মান -২০১৮-১৯ | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) ১০০% | অতি উত্তম (Very Good) ৯০% | উত্তম (Good) ৮০% | চলতি মান (Fair) ৭০% | চলতিমানের নিম্নে (Poor) ৬০% |
| | | | সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | ০.৫ | ৩১ ডিসেম্বর, ২০১৮ | ১৫ জানুয়ারি, ২০১৯ | ০৭ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৭ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৮ ফেব্রুয়ারি, ২০১৯ |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিষ্পত্তিকৃত | % | ০.৫ | ৭৫ | ৭০ | ৬৫ | ৬০ | ৫০ |
| | | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়নপত্র জারি করা | পিআরএল আদেশ জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | ছুটি নগদায়নপত্র জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৯ | অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | ত্রিপক্ষীয় সভায় অডিট আপত্তি নিষ্পত্তির জন্য সুপারিশকৃত | % | ১ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | | অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | স্থাবর ও অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | স্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ১ | ০৩ ফেব্রুয়ারি, ২০১৯ | ১১ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৫ ফেব্রুয়ারি, ২০১৯ | ০৪ মার্চ, ২০১৯ |
| | | | অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ১ | ০৩ ফেব্রুয়ারি, ২০১৯ | ১১ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৫ ফেব্রুয়ারি, ২০১৯ | ০৪ মার্চ, ২০১৯ |
| | | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়িত | % | ২ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | অব্যবহৃত/অকেজো যানবাহন বিদ্যমান নীতিমালা অনুযায়ী নিষ্পত্তিকরণ | নিষ্পত্তিকৃত | তারিখ | ১ | ৮৫ | ৭৫ | ৭০ | ৬০ | ৫০ |
| | | বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করা | বিদ্যুৎ বিল পরিশোধিত | % | ১ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | শূন্য পদের বিপরীতে নিয়োগ প্রদান | নিয়োগ প্রদানকৃত | সংখ্যা | ১ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | ৪০ |
| জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো বাস্তবায়ন **** | ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | - | - | - |
| | | | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামোয় অন্তর্ভুক্ত লক্ষ্যমাত্রা বাস্তবায়িত | % | ০.৫ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | সকল অনলাইন সেবা তথ্য বাতায়নে সংযোজিত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | দপ্তর/সংস্থার ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও ওয়েবসাইটে প্রকাশ | বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ০.৫ | ১৮ অক্টোবর, ২০১৮ | ৩১ অক্টোবর, ২০১৮ | ১৫ নভেম্বর, ২০১৮ | ২৯ নভেম্বর, ২০১৮ | ০৬ ডিসেম্বর, ২০১৮ |

আমি, ব্যবস্থাপনা পরিচালক, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ), গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর প্রতিনিধি সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর প্রতিনিধি হিসাবে ব্যবস্থাপনা পরিচালক, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ)-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

ব্যবস্থাপনা পরিচালক
ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন
৫, কাওরান বাজার, ঢাকা।

১২.০৬.২০১৮
তারিখ

সচিব
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

১২-০৬-২০১৮
তারিখ

সংযোজনী-১

## শব্দ সংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নম্বর | শব্দ সংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | এসএফডিএফ | স্মল ফার্মার্স ডেভেলপমেন্ট ফাউন্ডেশন |
| ২ | আইজিএ | ইনকাম জেনারেটিং এ্যাক্টিভিটিজ (আয়বর্ধনমূলক কার্যক্রম) |
| ৩ | পিডিবিএফ | পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন |
| ৪ | বিআরডিবি | বাংলাদেশ রুরাল ডেভেলপমেন্ট বোর্ড |

## সংযোজনী-২। কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| ক্রমিক নং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি/উপাত্ত সূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১। | ১.১ অনানুষ্ঠানিক কেন্দ্রের মাধ্যমে জনগণকে সংগঠিত করা | ১.১.১ অনানুষ্ঠানিক কেন্দ্র | সমবায় সমিতির আওতায় নিবন্ধিত নয় এমন অনানুষ্ঠানিক কেন্দ্র গঠন । প্রতিটি কেন্দ্রে উপকারভোগীর সংখ্যা ২০-৩০ জন। | এসএফডিএফ | **পরিমাপ পদ্ধতিঃ**<br>প্রতিটি উপজেলা কার্যালয় হতে তথ্য সংগ্রহ করা হয়। কার্যনির্দেশিকা অনুযায়ী কেন্দ্র গঠন হয়েছে কিনা তা আঞ্চলিক ব্যবস্থাপকগণ সাপ্তাহিক ভ্রমণের মাধ্যমে নিশ্চিত হন ।<br><br>**উপাত্ত সূত্রঃ**<br>এসএফডিএফ'র কার্যনির্দেশিকা, মাসিক অনলাইন প্রতিবেদন | এসএফডিএফ-এর কার্যক্রম মাত্র ২৬টি জেলার ১১৪টি উপজেলায় ব্যাপৃত। ফাউন্ডেশন এসব উপজেলায় নতুন করে কোন কেন্দ্র গঠন করছে না। তবে কোন কেন্দ্র বাতিল হলে সেক্ষেত্রে ২/১টি কেন্দ্র গঠন করা হয়ে থাকে। একই সাথে কেন্দ্র গঠনের সাথে সদস্যভূক্তি, আত্মকর্মসংস্থান সৃজিত উপকার ভোগী, ঋণ গ্রহীতা ও আয়বর্ধনমূলক কর্মকান্ডে নিয়োজিত নারী সম্পর্কিত বিধায় এ সকল সূচকে একইভাবে কার্যক্রম গ্রহণ করা হয়ে থাকে। তবে কোন প্রকল্প গ্রহণ করা হয়ে থাকলে এপিএ'তে প্রকল্পের লক্ষ্যমাত্রা অন্তর্ভূক্ত করা হয়ে থাকে। |
| | | ১.১.২ অনানুষ্ঠানিক কেন্দ্রের মাধ্যমে সদস্যভুক্তি | বসতভিটা ছাড়া সর্বোচ্চ ০.০৫-২.৪৯ একর চাষযোগ্য জমির সত্বাধিকারী ভূমিহীন, প্রান্তিক চাষী ও ক্ষুদ্র কৃষক পরিবারের ১জন পুরুষ কিংবা নারীকে ফাউন্ডেশনের আওতায় এনে কেন্দ্রভূক্ত করা হয়। | এসএফডিএফ | **পরিমাপ পদ্ধতিঃ**<br>প্রতিটি উপজেলা কার্যালয় হতে তথ্য সংগ্রহ করা হয়। কার্যনির্দেশিকা অনুযায়ী সদস্য নির্বাচন করা হয়েছে কিনা তা আঞ্চলিক ব্যবস্থাপকগণ সাপ্তাহিক ভ্রমণের মাধ্যমে নিশ্চিত হন।<br><br>**উপাত্ত সূত্রঃ**<br>এসএফডিএফ'র কার্যনির্দেশিকা, মাসিক অনলাইন প্রতিবেদন | এ ফাউন্ডেশন ১টি প্রকল্পের মাধ্যমে ৬০টি উপজেলায় কার্যক্রম সম্প্রসারণসহ বাস্তবায়ন করছে । এ প্রকল্পটির আওতায় ২০১৭-১৮ অর্থ বছরে অনানুষ্ঠানিক কেন্দ্র গঠনসহ বর্ণিত ৫টি সূচকে ডিপিপি'তে যে লক্ষ্যমাত্রা ছিল তা ফাউন্ডেশনের ২০১৭-১৮ অর্থ বছরের এপিএ'তে অন্তর্ভূক্ত করে লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছিল। প্রকল্পটির কার্যক্রম জানুয়ারি ২০১৬ মাস হতে শুরু হওয়ার কথা থাকলেও ডিসেম্বর ২০১৬ মাস হতে শুরু হয়েছে। তাই প্রকল্পটির কার্যক্রম ২০১৭-১৮ অর্থ বছরে লক্ষ্যমাত্রার চেয়ে বেশি করতে হয়েছে। এ পরিপ্রেক্ষিতে ফাউন্ডেশনের ২০১৭-১৮ অর্থ বছরের এপিএ'তে সকল সূচকে কার্যক্রমের অগ্রগতি লক্ষ্যমাত্রার চেয়ে বেশি হয়েছে। প্রকল্পটির মেয়াদ ডিসেম্বর ২০১৯ খ্রিঃ তারিখ সমাপ্ত হয়ে যাবে। ২০১৮-১৯ অর্থ বছরে প্রকল্পের ডিপিপি'তে কেন্দ্র গঠন ও সদস্যভূক্তির লক্ষ্যমাত্রা সীমিত আকারে রয়েছে। এ পরিপ্রেক্ষিতে ফাউন্ডেশনের ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে |
| | ১.২ সদস্যদের বিনিয়োগ সক্ষমতা বৃদ্ধি | ১.২.১ বিতরণকৃত ঋণের পরিমাণ | সরকারের ক্ষুদ্র ঋণ নীতিমালা, ফাউন্ডেশনের কার্যনির্দেশিকা ও সময়ে জারিকৃত পরিপত্র/ অফিস আদেশে প্রদত্ত প্রথাগত ও আইজিএ (আয় বর্ধনমূলক কার্যক্রম) ভিত্তিক ঋণ সহায়তা | এসএফডিএফ | **পরিমাপ পদ্ধতিঃ**<br>উপজেলা কার্যালয়ের ক্যাশ বই, নগদান, খতিয়ান এবং ঋণ বিতরণ রেজিষ্টারের মাধ্যমে ঋণ বিতরণের পরিমাণ নিশ্চিত করা হয়।<br><br>**উপাত্ত সূত্রঃ**<br>এসএফডিএফ'র অনলাইন প্রতিবেদন | |

| ক্রমিক নং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি/উপাত্ত সূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | কেন্দ্র গঠন, সদস্যভুক্তি, আত্মকর্মসংস্থান সৃজিত উপকার ভোগী, ঋণ গ্রহীতা ও আয়বর্ধনমূলক কর্মকান্ডে নিয়োজিত নারী এ ৫টি সূচকে লক্ষ্যমাত্রা ২০১৭-১৮ অর্থ বছরের চেয়ে কম নির্ধারণ করা হয়েছে। |
| | | ১.২.২ আদায়কৃত ঋণের পরিমান | যথাযথ উপকারভোগী নির্বাচন, চাহিদাভিত্তিক ঋণ সহায়তা এবং কার্যকর পরিবীক্ষণ ও তত্ত্বাবধান কৌশল প্রয়োগের মাধ্যমে বিতরণকৃত ঋণ আদায় করা হয় যা পুনঃ বিতরণ করা হয় | এসএফডিএফ | **পরিমাপ পদ্ধতিঃ**<br>সুফলভোগীদের পাশ বই, মাঠ কর্মকর্তাদের দৈনিক রেজিষ্টার, মাসিক রেজিষ্টার ও উপজেলা ব্যবস্থাপকের রেজিষ্টারের মাধ্যমে আদায়ের পরিমাণ নিশ্চিত করা হয়।<br><br>**উপাত্ত সূত্রঃ**<br>এসএফডিএফ'র অনলাইন প্রতিবেদন | |
| | | ১.২.৩ সার্ভিস চার্জ আদায় | সরকারের ক্ষুদ্র ঋণ নীতিমালা অনুসরনে বিতরণকৃত ঋণের উপর ১১% সরল সুদে সার্ভিস চার্জ আদায় করা হয়ে থাকে। | এসএফডিএফ | **পরিমাপ পদ্ধতিঃ**<br>সুফলভোগীদের পাশ বই, মাঠ কর্মকর্তাদের দৈনিক রেজিষ্টার, মাসিক রেজিষ্টার ও উপজেলা ব্যবস্থাপকের রেজিষ্টারের মাধ্যমে আদায়ের পরিমাণ নিশ্চিত করা হয়।<br><br>**উপাত্ত সূত্রঃ**<br>এসএফডিএফ'র অনলাইন প্রতিবেদন | |

| ক্রমিক নং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি/উপাত্ত সূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | ১.২.৪ আদায়যোগ্য ঋণ আদায়ের হার | ফাউন্ডেশনের আওতায় ক্রমপুঞ্জিত আদায়যোগ্য ঋণ আদায়ের হার। অর্থাৎ ফাউন্ডেশনের আওতায় ক্রমপুঞ্জিত ঋণ আদায়ের সাথে খেলাপি ঋণ স্থিতি যোগ করে আদায়যোগ্য নির্ণয় করা হয় এবং তদপ্রেক্ষিতে ঋণ আদায়ের হার নির্ণয় করা হয়েছে। | | **পরিমাপ পদ্ধতিঃ** যে পরিমান ঋণ খেলাপি হয়েছে তা আদায়ের সাথে যুক্ত করে আদায়যোগ্য নির্ধারণপূর্বক আদায়ের হার নির্ণয় করা হয় ।<br><br>**উপাত্ত সূত্রঃ** এসএফডিএফ'র অনলাইন প্রতিবেদন | |
| | | ১.২.৫ খেলাপী ঋণের পরিমান (স্থিতি) | প্রতিবেদনকালে খেলাপী ঋণের স্থিতি প্রদর্শিত হয়েছে | এসএফডিএফ | **পরিমাপ পদ্ধতিঃ** প্রত্যেক উপকারভোগীকে খাত ভিত্তিক ঋণ বিতরণের মেয়াদ সমাপনান্তে অনাদায়ী ঋণকে খেলাপি ঋণ হিসেবে গণ্য করা হয় এবং এসব তথ্য মাঠ পর্যায় থেকে সংগ্রহ করা হয়।<br><br>**উপাত্ত সূত্রঃ** এসএফডিএফ'র অনলাইন প্রতিবেদন | |
| | ১.৩ অনানুষ্ঠানিক কেন্দ্রের সদস্যদের অতিরিক্ত কর্মসংস্থান সৃজন | ১.৩.১ আত্ম-কর্মসংস্থান সৃজিত উপকার ভোগীর সংখ্যা | চাহিদাভিত্তিক আয়বর্ধণমূলক কর্মকান্ডে অনানুষ্ঠানিক প্রশিক্ষণোত্তর জামানতবিহীন ক্ষুদ্র ঋণ সহায়তার মাধ্যমে আত্মকর্মসংস্থানকৃত উপকারভোগী। | এসএফডিএফ | **পরিমাপ পদ্ধতিঃ** বছরের মধ্যে যে সকল সদস্যভুক্ত হয় তাদের মধ্যে ঋণ প্রদানকৃত সে সকল সদস্য আয়বর্ধনমূলক কর্মকান্ডে ঋণ বিনিয়োগ করে উপার্জন বৃদ্ধিতে সক্ষম হয়েছে তাদেরকে গণনায় আনা হয় । বিষয়টি উপজেলা ব্যবস্থাপকগণ তদারকির মাধ্যমে নিশ্চিত হন।<br><br>**উপাত্ত সূত্রঃ** এসএফডিএফ'র অনলাইন প্রতিবেদন | |

| ক্রমিক নং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি/উপাত্ত সূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | ১.৩.২ ঋণ গ্রহীতা | প্রতিবেদনকালে নতুন সদস্যভূক্তদের মধ্যে ভর্তির ক্রমানুসারে ঋণ গ্রহিতা নির্বাচন করা হয়। | | **পরিমাপ পদ্ধতিঃ**<br>প্রতিবেদন বছরে যে সকল সদস্য নতুন করে অন্তর্ভুক্ত হয়েছে তাদের মধ্যে যারা ঋণ পেয়েছে তাদের সংখ্যা উপজেলার ঋণ রেজিষ্টার হতে নির্ধারণ করা হয়।<br><br>**উপাত্ত সূত্রঃ**<br>এসএফডিএফ'র অনলাইন প্রতিবেদন | |
| | ১.৪ পল্লীর দরিদ্র জনগণের আয়বর্ধনমূলক কর্মসুচি | ১.৪.১ আয়বর্ধনমূলক কর্মকান্ডে নিয়োজিত নারী | নারীদের আয়বর্ধণমূলক কাজে সম্পৃক্ত করার লক্ষ্যে উপকারভোগী নির্বাচনের ক্ষেত্রে নারীদের অগ্রাধিকার প্রদান করা হয়। | এসএফডিএফ | **পরিমাপ পদ্ধতিঃ**<br>প্রতিবেদন বছরে যে সকল সদস্য নতুন করে অন্তর্ভুক্ত হয়েছে তাদের মধ্যে যারা ঋণ পেয়েছে তাদের মধ্যে নারীর সংখ্যা উপজেলার ঋণ রেজিষ্টার হতে নির্ধারণ করা হয়।<br><br>**উপাত্ত সূত্রঃ**<br>এসএফডিএফ'র অনলাইন প্রতিবেদন | |

| ক্রমিক নং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি/উপাত্ত সূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | ১.৪.২ আয়বর্ধনমূলক কর্মকান্ডে নিয়োজিত পুরুষ | আয়বর্ধনমূলক কাজে সম্পৃক্ত করার লক্ষ্যে উপকারভোগী নির্বাচনের ক্ষেত্রে টার্গেটভূক্ত প্রতিটি পরিবার থেকে ১জন করে সদস্য নির্বাচন করা হয়ে থাকে। | এসএফডিএফ | **পরিমাপ পদ্ধতিঃ**<br>প্রতিবেদন বছরে যে সকল সদস্য নতুন করে অন্তর্ভুক্ত হয়েছে তাদের মধ্যে যারা ঋণ পেয়েছে তাদের মধ্যে পুরুষের সংখ্যা উপজেলার ঋণ রেজিষ্টার হতে নির্ধারণ করা হয়।<br><br>**উপাত্ত সূত্রঃ**<br>এসএফডিএফ'র অনলাইন প্রতিবেদন | |
| | ১.৫ অনানুষ্ঠানিক কেন্দ্রের মাধ্যমে জনগণকে সংগঠিত করা | ১.৫.১ ক্ষুদ্র সঞ্চয়ের মাধ্যমে কেন্দ্রভূক্ত সদস্যদের গঠিত মূলধনের পরিমান | উঠান বৈঠকের মাধ্যমে কেন্দ্রের উপকারভোগীদের নিকট হতে সাপ্তাহিক সঞ্চয় আদায়সহ সদস্যদের ইচ্ছামত ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয় জমার মাধ্যমে গঠিত সঞ্চয়। | এসএফডিএফ | **পরিমাপ পদ্ধতিঃ**<br>সদস্যদের পাশ বহি এবং মাঠ কর্মকর্তাদের দৈনিক রেজিষ্টারের তথ্যানুসারে উপজেলা পর্যায়ে সঞ্চয়ের হিসাব নিশ্চিত করা হয়।<br><br>**উপাত্ত সূত্রঃ**<br>এসএফডিএফ'র অনলাইন প্রতিবেদন | |
| ২। | ২.১ অনানুষ্ঠানিক কেন্দ্রের সদস্যদের মধ্যে উদ্বুদ্ধকরণ/আয়বর্ধনমূলক প্রশিক্ষণ প্রদান | ২.১.১ আয়বর্ধনমূলক কার্যক্রমে প্রশিক্ষণ গ্রহণকারী | কৃষি ও অকৃষি ক্ষেত্রে আয় বর্ধনমূলক প্রশিক্ষণ। আয়বর্ধনমূলক প্রশিক্ষণের মধ্যে অন্যতম হলো বাড়ির আঙিনায় সবজি চাষ, গবাদি পশু পালন, হাঁস-মুরগী পালন, ব্লক/বাটিক, সেলাই মেশিন ক্রয়, রিক্সা ক্রয়, মুদি ব্যবসা ইত্যাদি | এসএফডিএফ | **পরিমাপ পদ্ধতিঃ**<br>সকল প্রশিক্ষণ এসএফডিএফ-এর প্রধান কার্যালয়ের মাধ্যমে সংগঠন করা হয়।<br>তদানুযায়ী কোর্স ভিত্তিক তথ্য সংগ্রহ করা হয়।<br><br>**উপাত্ত সূত্রঃ**<br>এসএফডিএফ'র প্রধান কার্যালয়ের প্রতিবেদন | |

| ক্রমিক নং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি/উপাত্ত সূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | ২.১.২ উদ্বুদ্ধকরণমূলক প্রশিক্ষণ গ্রহণকারী | সচেতনতা ও দক্ষতা বৃদ্ধিতে বিভিন্ন সচেতনামূলক উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণে অংশগ্রহণকারী উপকারভোগীদের সংখ্যা | এসএফডিএফ | **পরিমাপ পদ্ধতিঃ**<br>সকল প্রশিক্ষণ এসএফডিএফ-এর প্রধান কার্যালয়ের মাধ্যমে সংগঠন করা হয়।<br>তদানুযায়ী কোর্স ভিত্তিক তথ্য সংগ্রহ করা হয়।<br><br>**উপাত্ত সূত্রঃ**<br>এসএফডিএফ'র প্রধান কার্যালয়ের প্রতিবেদন | |
| | ২.২ পল্লী উন্নয়নে নিয়োজিত কর্মকর্তা, কর্মীদের প্রশিক্ষণ প্রদান | ২.২.১ প্রশিক্ষণার্থী কর্মকর্তা /কর্মচারী | ফাউন্ডেশনের প্রধান কার্যালয় এবং মাঠ পর্যায়ের কার্যক্রমে সম্পৃক্ত কর্মকর্তা/ কর্মচারীদের প্রশিক্ষণ । মূলত চলমান প্রকল্পের মাধ্যমে বেশির ভাগ প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে। | এসএফডিএফ | **পরিমাপ পদ্ধতিঃ**<br>সকল প্রশিক্ষণ এসএফডিএফ-এর প্রধান কার্যালয়ের মাধ্যমে সংগঠন করা হয়।<br>তদানুযায়ী কোর্স ভিত্তিক তথ্য সংগ্রহ করা হয়।<br><br>**উপাত্ত সূত্রঃ**<br>এসএফডিএফ'র প্রধান কার্যালয়ের প্রতিবেদন | |

সংযোজনী ৫ ।

## অন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

| প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/ প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| প্রযোজ্য নয় | | | | | |